# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৮০৬

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩. তৃতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ে পছন্দের স্বাধীনতা (অবকাশ থাকা)

### আরবী

عَنْ جَابِرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسلم خَيَّرَ أعرابيًّا بَعْدَ الْبَيْعِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ غَرِيب

### বাংলা

২৮০৬-[৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বেদুঈনকে বিক্রয় কাজ শেষ হওয়ার পরও তা বাতিল করার অবকাশ দিয়েছেন। (তিরমিযী; তিনি বলেন, হাদীসটি হাসান সহীহ গরীব)[1]

### ফুটনোট

[1] হাসান : তিরমিযী ১২৪৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (خَيَّرَ أَعْرَابِيًّا بَعْدَ الْبَيْعِ) “বেদুঈনকে বিক্রয় চুক্তি সম্পাদনের পর স্বাধীনতা দিয়েছিলেন”।

‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ হাদীসের প্রকাশমান অর্থ প্রমাণ করে যে, ইমাম আবূ হানীফাহ্ (রহঃ)-এর অভিমত সঠিক। কেননা চুক্তি সম্পাদনের পরও মাজলিস ত্যাগ করার পূর্ব পর্যন্ত চুক্তি বাতিল করার স্বাধীনতা থাকলে বেদুঈনকে চুক্তি সম্পাদনের পর স্বাধীনতা দেয়ার কোনো অর্থ হয় না। এর উত্তরে বলা হয় যে, এ হাদীসটি মুতালাক যা মুকাইয়্যাদ হাদীস দ্বারা শর্তযুক্ত। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২৪৯)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68133

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন